কম্পিউটার জগৎ
COMPUTER JAGAT
প্রতিষ্ঠাতা : অধ্যাপক আবদুল কাদের

উপদেষ্টা
ড. জামিলুর রেজা চৌধুরী
ড. মুহাম্মদ ইব্রাহীম
ড. মোহাম্মদ কায়কোবাদ
ড. মোহাম্মদ আলমগীর হোসেন
ড. যুগল কৃষ্ণ দাস

সম্পাদনা উপদেষ্টা ডা: এম এম মোরতায়েজ আমিন

সম্পাদক গোলাপ মুনীর
সহযোগী সম্পাদক মইন উদ্দীন মাহমুদ
সহকারী সম্পাদক মোহাম্মদ আবদুল হক
কারিগরি সম্পাদক মো: আবদুল ওয়াহেদ তমাল
সহকারী কারিগরি সম্পাদক নুসরাত আক্তার
সম্পাদনা সহযোগী সালেহ উদ্দিন মাহমুদ
বিশেষ প্রতিনিধি ইমদাদুল হক

বিদেশ প্রতিনিধি
জামাল উদ্দীন মাহমুদ আমেরিকা
ড. খান মনজুর-এ-খোদা কানাডা
ড. এস মাহমুদ ব্রিটেন
নির্মল চন্দ্র চৌধুরী অস্ট্রেলিয়া
মাহবুব রহমান জাপান
এস. ব্যানার্জী ভারত
আ. ফ. মো: সামসুজ্জোহা সিঙ্গাপুর
নাসির উদ্দিন পারভেজ মধ্যপ্রাচ্য

প্রচ্ছদ বিদেশী ম্যাগাজিন অবলম্বনে
ওয়েব মাস্টার মোহাম্মদ এহতেশাম উদ্দিন
জ্যেষ্ঠ সম্পাদনা সহকারী মনিরুজ্জামান পিন্টু
কম্পোজ ও অঙ্গসজ্জা মো: মাসুদুর রহমান
রিপোর্টার সোহেল রানা

মুদ্রণে : রাইটস (প্রা.) লি.
৪৪সি/২, আজিমপুর রোড, ঢাকা-১২০৫
অর্থ ব্যবস্থাপক সাজেদ আলী বিশ্বাস
বিজ্ঞাপন ব্যবস্থাপক শিমুল শিকদার
সহ-বিজ্ঞাপন ব্যবস্থাপক মোর্শেদা শাহনাজ
শাওন সাহা জয়
রাজিব আহমেদ
জনসংযোগ ও প্রচার ব্যবস্থাপক প্রকৌ. নাজনীন নাহার মাহমুদ

প্রকাশক : নাজমা কাদের
কক্ষ নম্বর-১১, বিসিএস কমপিউটার সিটি
রোকেয়া সরণি, আগারগাঁও, ঢাকা-১২০৭
ফোন : ৯১৮৩১৮৪, ৯৬১৩০১৬, ০১৭১১৫৪৪২১৭, ০১৯১১৫৯৮৬১৮
ই-মেইল : jagat@comjagat.com
ওয়েব : www.comjagat.com
যোগাযোগ :
কমপিউটার জগৎ
কক্ষ নম্বর-১১, বিসিএস কমপিউটার সিটি
রোকেয়া সরণি, আগারগাঁও, ঢাকা-১২০৭
ফোন : ৯১৮৩১৮৪

Editor Golap Monir
Associate Editor Main Uddin Mahmood
Assistant Editor Mohammad Abdul Haque
Technical Editor Md. Abdul Wahed Tomal
Correspondent Md. Abdul Hafiz

Published from :
Computer Jagat
Room No.11
BCS Computer City, Rokeya Sarani
Agargaon, Dhaka-1207
Tel : 9183184

Published by : Nazma Kader
Tel : 9664723, 9613016
E-mail : jagat@comjagat.com

# সম্পাদকীয়

## অভিনন্দন বাংলা কমপিউটিংয়ের শব্দযোদ্ধাদের

কমপিউটার জগৎ-এর দুই যুগ পূর্তির এই সময়ে 'দুই যুগের কমপিউটার জগৎ এবং বাংলা কমপিউটিং আন্দোলন' শীর্ষক প্রচ্ছদ প্রতিবেদন রচনা করে আমরা ফিরে দেখার প্রয়াস পেয়েছি– এই দুই যুগের বাংলা কমপিউটিংয়ের আন্দোলনে কমপিউটার জগৎ-এর ভূমিকা ছিল কতটুকু। এই প্রচ্ছদ প্রতিবেদন পাঠকসাধারণ কিছুটা হলেও উপলব্ধি করার সুযোগ পাবেন, এ আন্দোলনে আমাদের বরাবরের অবস্থান কী ছিল। তবে কমপিউটার জগৎ-এর নিয়মিত পাঠকেরাই শুধু এ ব্যাপারে সম্যক উপলব্ধির সুযোগ পাবেন।

সে যা-ই হোক, এই দুই যুগ ধরে কমপিউটার জগৎ-এর প্রতিটি সংখ্যা নিয়মিত প্রকাশ করে পাঠকদের হাতে তুলে দিতে পারার আনন্দে আজ আমরা যেমন উদ্বেলিত, ঠিক তেমনই এই আনন্দের সময়ে আমরা তার চেয়েও শতগুণ বেশি আনন্দিত বাংলা কমপিউটিংয়ের জগতের এক আনন্দের খবরে। সে খবরের প্রসঙ্গে যাওয়ার আগে কমপিউটার জগৎ-এর দুই যুগ পূর্তির এই সময়ে আমরা আমাদের আন্তরিক কৃতজ্ঞতা জানাতে চাই আমাদের সম্মানিত লেখক, পাঠক, গ্রাহক, এজেন্ট, বিজ্ঞাপনদাতা, পৃষ্ঠপোষক ও শুভানুধ্যায়ীদের প্রতি। কারণ, তাদের সক্রিয় সহযোগিতায়ই আমরা আজ আজকের এই অবস্থানে এসে দাঁড়াতে সক্ষম হয়েছি।

আমরা অন্য বিজ্ঞাপন সহায়তাদের কৃতজ্ঞতা জানানোর পাশাপাশি সবিশেষ কৃতজ্ঞতা জানাতে চাই সেইসব প্রতিষ্ঠানের কর্মকর্তাদের, যারা বিজ্ঞাপন সহায়তার পাশাপাশি বিভিন্ন ধরনের সহায়তার হাত বরাবর প্রসারিত রেখেছেন কমপিউটার জগৎ-এর প্রতি।

এবারে অভিনন্দন জানাতে চাই আমাদের বাংলা কমপিউটিংয়ের শব্দযোদ্ধাদের। কারণ, এরা বাংলা কমপিউটিংয়ের ক্ষেত্রে সম্প্রতি এক নতুন অধ্যায়ের সূচনা করেছেন। তাদের এ সাফল্য যে আমাদেরকে বাংলা কমপিউটিং আন্দোলনের ব্যাপারে আরও সাহসী ও আশাবাদী করে তুলবে– এ ব্যাপারে কোনো সন্দেহের অবকাশ নেই।

এরই মধ্যে আমরা অনেকেই জেনে গেছি– গত ২৬ মার্চে আমাদের স্বাধীনতা দিবসের আনন্দঘন দিনটিতে অনলাইনে বাংলাভাষাকে সমৃদ্ধ করার লক্ষ্যে গুগল ডেভেলপার গ্রুপ ও বাংলাদেশ আইসিটি মন্ত্রণালয়ের উদ্যোগে অনুষ্ঠিত হলো চার লাখ বাংলা শব্দ যোগ করে গুগল ট্রান্সলেটে একদিনে সবচেয়ে বেশি শব্দ যোগ করে বিশ্বরেকর্ড গড়ার এক কার্যক্রম।

২৭ মার্চের প্রথম প্রহরে আমরা জানলাম, সব রেকর্ড ভেঙে প্রায় ৭ লাখ বাংলা শব্দ যোগ করে আমরা নতুন বিশ্বরেকর্ড গড়েছি। ২৬ মার্চে অনুবাদ করা হলো ৭ লাখের মতো বাংলা শব্দ। এই সংখ্যা এতদিন পর্যন্ত গুগল অনুবাদে একদিনে সংযুক্ত শব্দার্থ সংখ্যার চারগুণ। এর আগে প্রথম স্থানে থাকা একদিনে সংযুক্ত স্প্যানিশ ভাষার শব্দসংখ্যা ছিল ৬৮ হাজার, যা যুক্ত হয়েছিল গত বছরের ফেব্রুয়ারিতে। ওই একই দিনে বাংলাভাষার একদিনে ৬৫ হাজার সংযুক্ত বাংলাশব্দ যোগ হয়েছিল গুগল ট্রান্সলেটে।

এবারের স্বাধীনতা দিবসে সে রেকর্ড ভেঙে ৭ লাখ শব্দসংখ্যার রেকর্ড আমরা গড়লাম। অবশ্য এ রেকর্ড গড়ার পরও বাংলাভাষাকে সীমানা ছাড়িয়ে নেয়ার এ কার্যক্রম আগামী পয়লা বৈশাখ পর্যন্ত অব্যাহত থাকবে। গুগল ট্রান্সলেটে যুক্ত এই ৭ লাখ বাংলা শব্দকে এখন সহজেই ৯০টিরও বেশি ভাষায় ভাষান্তর করা যাবে।

দেশ ও দেশের বাইরে থেকে চার হাজারেরও বেশি স্বেচ্ছাসেবী শব্দযোদ্ধা কাজ করে এই রেকর্ড গড়েন। এ ছাড়া এ কার্যক্রমে অংশ নেয় নানা পেশার বিভিন্ন শ্রেণীর ৩৮ হাজার মানুষ। এরপর থেকেই ওই রেকর্ড গড়া স্বেচ্ছাসেবীদের অভিহিত করা হচ্ছে শব্দযোদ্ধা অভিধায়। এই শব্দযোদ্ধাদের বেশিরভাগই ছিল বিশ্ববিদ্যালয়ের ছাত্র। এদের মধ্যে পাঁচ শতাধিক ছাত্রছাত্রী অংশ নেয় বাংলাদেশ কমপিউটার কাউন্সিলের অনুষ্ঠানে। এ ছাড়া ছিল এই কাউন্সিল ভবনে ৪০০ জন, ঢাকা বিশ্ববিদ্যালয়ে ৮০ জন, শহীদ মিনারে ৯০ জন এবং ড্যাফোডিল আন্তর্জাতিক বিশ্ববিদ্যালয়ে ১০০ জন। এদের সবার প্রতি রইল আমাদের উষ্ণ অভিনন্দন।

ড্যাফোডিল বিশ্ববিদ্যালয় থেকে যোগ করা হয়েছে দুই লক্ষাধিক বাংলা শব্দ। তাই ড্যাফোডিল বিশ্ববিদ্যালয়ের প্রতিও রইল আমাদের সমান্তরাল অভিনন্দন। একই সাথে অভিনন্দন জানাই গুগল ডেভেলপার গ্রুপ ও বাংলাদেশ সরকারের আইসিটি মন্ত্রণালয়কে। কারণ, এদের যৌথ উদ্যোগ-আয়োজনের ফলেই আমরা আজ বাংলাভাষাকে নিয়ে এই রেকর্ড গড়তে সক্ষম হয়েছি।

আমরা এদের সবাইকে আখ্যায়িত করতে চাই বাংলা কমপিউটিং আন্দোলনের সম্মানিত সৈনিক হিসেবে। বাংলা কমপিউটিংয়ের ইতিহাসে এদের সবার নাম আগামী দিনেও উচ্চারিত হোক বিনম্র শ্রদ্ধার সাথে– এটাই আমাদের স্বাভাবিক কামনা।

লেখক সম্পাদক
● প্রকৌশলী তাজুল ইসলাম ● সৈয়দ হাসান মাহমুদ ● সৈয়দ হোসেন মাহমুদ ● মো: আবদুল ওয়াজেদ